

## বই মেলা

মেলায় ঘুরছে উড়ো কবি  
পেটফোলা ঝোলা ব্যাগ ঘাড়ে  
সারাদিন উপোসে সে আছে  
মুখে তবু ফোটে তার খই  
হাঁসের মতন ঘোরে জলে  
বেচা যাবে দু চারটে বই।

এবারও হয়তো শেষ দিনে  
বিনে পয়সায় জনে জনে  
হাতে করে নিয়ে চলে যাবে  
উড়ো কবিদের নয়।

টাটকা বইটা প্রতিবারই  
বাসি হয়ে ঝড়ে পড়ে যায়  
উড়ো কবিটাও বুড়ো হয়ে  
কুঁজো হতে থাকে বেদনায়।

সুব্রত দ্র

